

হিসাববিজ্ঞান

বিষয় কোড: ১ ৪ ৬

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান — ৭০

দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। সকল প্রশ্নের মান সমান। ক বিভাগ থেকে ২টি এবং খ বিভাগ থেকে যেকোনো ৫টিসহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।

ক-বিভাগ

১.▶ উমর ট্রেডার্স-এর ২০১৪ সালের ৩০ জুন তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ:

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
আসবাবপত্র	৪০,০০০	
ক্রয় ও বিক্রয়	১,৫০,০০০	২,০০,০০০
ফেরত	১০,০০০	৪,০০০
পুঞ্জীভূত অবচয়-আসবাবপত্র		২৯,০০০
ব্যবসায়িক বাট্টা	৪,০০০	২,০০০
নগদ বাট্টা	১০,০০০	১,০০০
কমিশন	২,০০০	৪,০০০
পুঞ্জীভূত অবচয়-যন্ত্রপাতি		১০,০০০
পরিবহন খরচ	৬,৬০০	
যন্ত্রপাতি	৬০,০০০	
মজুরি	২০,০০০	
দালানকোঠা	৬০,০০০	
অনাদায়ী পাওনা	৩,০০০	
অনাদায়ী পাওনা সঞ্চিত		২,৬০০
মূলধন		১,১৩,০০০
	৩,৬৫,৬০০	৩,৬৫,৬০০

সমন্বয়সমূহ: i. সমাপনী মজুদ পণ্য ৪০,০০০ টাকা (মূল্যায়িত) যার বাজারমূল্য ৪৫,০০০ টাকা। ii. স্থায়ী সম্পদের ওপর সরলরৈখিক পদ্ধতিতে (পুঞ্জীভূত অবচয় স্থায়ী সম্পদ হতে বাদ না দেয়ার পদ্ধতিতে) ৫% হারে অবচয় ধার্য করতে হবে। iii. বকেয়া মজুরি ২,০০০ টাকা। iv. মূলধনের ওপর ৫% হারে সুদ ধার্য করতে হবে।

- ক. স্থায়ী সম্পদের অবচয় খরচ নির্ণয় করে দেখাও। ২
- খ. বিশদ আয় বিবরণীতে ছক ঐকে মোট লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪
- গ. ৩০ জুন তারিখের আর্থিক অবস্থার বিবরণীর ছক ঐকে সম্পদের পার্শ্ব প্রদর্শন করো। ৪

২.► উসমান ট্রেডার্সের ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ:

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
উত্তোলন ও মূলধন	১২,৫০০	৯৭,৫০০
বেতন	১০,০০০	
শিক্ষানবিশ সেলামি		৩,০০০
জীবন বিমা প্রিমিয়াম	৩,৫০০	
ভাড়া	৬,০০০	
বিজ্ঞাপন	৪,০০০	
আয়কর	২,৫০০	
প্রাপ্ত কমিশন		১,৫০০
ক্রয়	২০,০০০	
ক্রয় ফেরত		৩,৫০০
ক্রয় বাট্টা		১,৫০০
পাওনাদার		১২,৫০০
মজুদ পণ্য (০১-০১-২০১৪)	৫,০০০	
মজুরি	৪,০০০	
সাধারণ সঞ্চিত		৫,৫০০
বিক্রয়		১৭,৫০০
মেশিনারি	৭৫,০০০	
পুঞ্জীভূত অবচয়-মেশিনারি		১০,০০০
হাতে নগদ	৩,৫০০	
ব্যাংকে জমা	৬,৫০০	
	<u>১,৫২,৫০০</u>	<u>১,৫২,৫০০</u>

সমন্বয়সমূহ: i. সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ২০,০০০ টাকা তবে বাজারমূল্য ১৫,০০০ টাকা। ii. শিক্ষানবিশ সেলামি দুই বছরের জন্য পাওয়া গিয়েছে। iii.

মেশিনারির ওপর সরলরৈখিক পদ্ধতিতে ১০% হারে অবচয় ধার্য করতে হবে।

iv. বকেয়া মজুরি ৫০০ টাকা এবং অগ্রিম ভাড়া ৭০০ টাকা সমন্বয় করতে

হবে। v. মালিক কর্তৃক পণ্য উত্তোলন ৪০০ টাকা যা অহিসাবভুক্ত।

ক. নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. মোট মুনাফা ৮,৪০০ টাকা ধরে নিয়ে বিশদ আয় বিবরণীর বাকি অংশ প্রস্তুত করো। ৪

গ. নিট মুনাফা ১৫,৪০০ টাকা ধরে নিয়ে ৩১ ডিসেম্বর তারিখের অবস্থার বিবরণীর দায় পার্শ্ব প্রস্তুত করো। ৪

খ-বিভাগ

৩.► উসমান ব্রাদার্সের ২০১৫ সালের জানুয়ারি মাসের বিভিন্ন লেনদেনগুলো নিম্নরূপ:

২০১৫

জানু. ১ মালিক কর্তৃক নগদ ৫০,০০০ টাকা; আসবাবপত্র ৪০,০০০ টাকা ও ব্যাংক জমা ৩০,০০০ টাকা বিনিয়োগ।

" ৪ সাপ্লাইজ ক্রয় বাবদ প্রদান ২,০০০ টাকা।

" ৮ পণ্য ক্রয় ৪০,০০০ টাকা যার ৬০% নগদে ও ৪০% চেকে প্রদান করা হলো।

" ১৬ পণ্য বিক্রয় ৭০,০০০ টাকা যার ৪০% নগদে ও বাকি টাকা দাগকাটা চেকে পাওয়া গিয়েছে।

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত লেনদেনগুলোর জাবেদা দাখিলা প্রদান করো। ৪

গ. উপরিউক্ত তথ্যাবলি হতে নগদান হিসাব ও ব্যাংক হিসাব টি-ছকে প্রস্তুত করো। ৪

৪.► আলি-এন্টারপ্রাইজের ব্যবসায়ের ২০১৫ সালের মার্চ মাসের লেনদেনগুলো ছিল নিম্নরূপ:

২০১৫

মার্চ ১ মালিক কর্তৃক পুনরায় মূলধন বিনিয়োগ নগদ ১০,৫০,০০০ টাকা ও অফিস সরঞ্জাম ৫০,০০০ টাকা।

" ২ দশ বছরের জন্য একটি মেশিনারি লিজ নেয়া হলো ১,০০,০০০ টাকা প্রদান করে।

" ৩ একটি দালানসহ জমি কেনা হলো ৫,০০,০০০ টাকা প্রদান করে।

" ৬ রূপালি ব্যাংক হতে ঋণ গ্রহণ ১,৫০,০০০ টাকা।

- " ৮ শিক্ষানবিশ ভাতা প্রদান ৫,০০০ টাকা ।
- " ১০ ব্যবহৃত এবং পুরাতন একটি আলমারি বিক্রয় ২৫,০০০ টাকা ।
- " ১৪ একটি ১,০০,০০০ টাকা মূল্যের ডাকঘর সঙ্কল্পপত্র ভাঙ্গানো হলো ।
- " ১৮ ব্যবহারের জন্য একটি টেবিল ক্রয় ২০,০০০ টাকা ।
- " ২০ পূর্বে ক্রয়কৃত অফিস সরঞ্জামটি আনয়নের জন্য ভ্যান গাড়ি ভাড়া প্রদান ২,০০০ টাকা ।
- " ২৪ পুনঃবিক্রয়ের উদ্দেশ্যে অফিস সরঞ্জাম ক্রয় ৩৫,০০০ টাকা ।
- " ২৮ ব্যবসায়ে সাপ্লাইজ হিসেবে ব্যবহারের উদ্দেশ্যে কাগজ, কালি, কলম ও আলপিন ক্রয় ৬,০০০ টাকা ।
- " ৩১ অফিস সরঞ্জামের অবচয় ধার্য করা হলো ৫০০ টাকা ।

- ক. মুনাফা জাতীয় লেনদেনের পরিমাণ নির্ণয় করো । ২
- খ. মোট মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় করো । ৪
- গ. মোট মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো । ৪

৫.► হাসান ট্রেডার্সের কম্পিউটার ও এক্সেসরিজ ব্যবসায়ের ২০১৫ সালের জুন মাসের লেনদেনগুলো নিম্নরূপ:

২০১৫

- জুন ১ জনাব হাসান কর্তৃক বিনিয়োগ ২০,০০,০০০ টাকা ।
- " ২ এক্সপ্লোর আইটি'র নিকট হতে ৩০টি ডেস্কটপ কম্পিউটার ক্রয় মোট ৬,০০,০০০ টাকা ।
- " ৩ অফিসে ব্যবহারের জন্য দেয়াল ঘড়ি ক্রয় ৫,০০০ টাকা ।
- " ৬ পূর্বের বকেয়া ১০,০০০ টাকা কর্মচারীকে বেতন বাবদ প্রদান ।
- " ৮ এক্সপ্লোর আইটি'র নিকট দেনা টাকার অর্ধাংশ পরিশোধ ।
- " ১০ একটি শো-কেইস এবং টেবিল ক্রয় ৪০,০০০ টাকা ।

- ক. সমাপনী অফিস সরঞ্জামের পরিমাণ নির্ণয় করো । ২
- খ. উপর্যুক্ত লেনদেনগুলোর হিসাব সমীকরণের প্রভাব টেবুলার ছকে প্রদর্শন করো । ৪
- গ. উপর্যুক্ত লেনদেনগুলোর আধুনিক পদ্ধতিতে শ্রেণি বিভাজন করে ডেবিট-ক্রেডিট নির্ণয় করো । ৪

৬.► হোসেন এন্টারপ্রাইজ ২০১৫ সালের জানুয়ারি মাসের বিভিন্ন লেনদেনসমূহ

নিম্নরূপ:

২০১৫

- জানু. ১ ৫% বাউয় মুয়াবিয়া ট্রেডার্সের নিকট হতে ১০,০০০ টাকার পণ্য ক্রয়। চালান নম্বর ৮৫।
- " ৫ ১০% বাউয় মামুন এন্টারপ্রাইজের নিকট ১৮,০০০ টাকার পণ্য বিক্রয়। চালান নম্বর ১০৫।
- " ৮ ২০% বাউয় ফাহাদ অ্যান্ড কোং-এর নিকট হতে ৪০,০০০ টাকার পণ্য ক্রয়। চালান নম্বর ৭৫।
- " ১৬ মারিয়া ট্রেডার্সের নিকট হতে ক্রয় ৫০,০০০ টাকা। ধারের শর্ত: ২/১২, নিট/৩০। চালান নম্বর ২১৫।
- " ২২ মোহাম্মদ আল. ফাতেহ ট্রেডার্সের নিকট পণ্য বিক্রয় ১,০০,০০০ টাকা। ধারের শর্ত ৩/১০, নিট/২৫। চালান নম্বর ১০৬।
- " ২৫ জাবাল তারিক এন্টারপ্রাইজের নিকট পণ্য বিক্রয় ৮০,০০০ টাকা। কারবারি বাউ ১০%। চালান নম্বর ১০৭।
- " ৩০ ফাহাদ অ্যান্ড কোং-কে মান সম্মত না হওয়ায় ২,০০০ টাকার পণ্য ফেরত প্রদান। ডেবিট নোট ১২৫।

ক. প্রয়োজনে কাল্পনিক তথ্য ব্যবহার করে ৩০ তারিখের লেনদেনটির একটি ডেবিট নোট প্রস্তুত করো। ২

খ. উপর্যুক্ত তথ্যাবলি হতে একটি ক্রয় জাবেদা প্রস্তুত করো। ৪

গ. উপর্যুক্ত তথ্যাবলি হতে একটি বিক্রয় জাবেদা প্রস্তুত করো। ৪

৭.► মেসার্স সৈয়দ ট্রেডার্সের ২০১৫ সালের জুলাই মাসে নিম্নলিখিত আর্থিক তথ্যাবলি লক্ষ্য করো:

২০১৫

- জুলাই ১ নগদ উদ্ধৃত ৩০,০০০ টাকা; ব্যাংক জমা ১৫,০০০ টাকা।
- " ৩ ব্যাংক হতে উত্তোলন ৩,০০০ টাকা।
- " ৫ ইয়াসির-এর নিকট হতে দাগকাটা চেক প্রাপ্তি ২,৮০০ টাকা; বাউ প্রদান ২০০ টাকা।

- " ৬ তারিক-এর নিকট হতে নগদে পণ্য ক্রয় ৬,০০০ টাকা, বাট্টা প্রাপ্তি ১০%।
- " ১০ ৫% বাট্টায় আম্মার-এর নিকট দেনা ৪,০০০ টাকার নিষ্পত্তি করা হলো।
- " ১৫ পণ্য বিক্রয় করে ১০,০০০ টাকার চেক প্রাপ্তি এবং তা সরাসরি ব্যাংকে জমাদান।
- " ১৮ সাইদের নিকট হতে ৫,০০০ টাকা পাওনার পূর্ণনিষ্পত্তিতে ৪,৭০০ টাকায় দাগকাটা চেক প্রাপ্তি।
- " ২২ বেতন প্রদান নগদে ৩,৫০০ টাকা এবং চেকে ২৫,০০০ টাকা।
- " ২৮ শিক্ষানবিশ সেলামি প্রাপ্তি ৬,০০০ টাকা।

- ক. মোট কারবারি বাট্টার পরিমাণ নির্ণয় করো। ২
- খ. উপর্যুক্ত তথ্যাবলি হতে একটি নগদ প্রদান জাবেদা প্রস্তুত করো। ৪
- গ. উপর্যুক্ত তথ্যাবলি হতে একটি উপযুক্ত নগদান বই প্রস্তুত করো। ৪

৮.▶ আবু হুরায়রা ম্যানুফ্যাকচারিং লিমিটেড-এর ২০১৫ সালের বিভিন্ন তথ্যাবলি নিম্নরূপ:

বিবরণ	টাকা	বিবরণ	টাকা
কাঁচামাল ক্রয়	২,০০,০০০	প্রত্যক্ষ মজুরি	১,৫০,০০০
প্রারম্ভিক মজুদ :		অন্যান্য প্রত্যক্ষ খরচ	৭৫,০০০
কাঁচামাল	২৫,০০০	কারখানা উপরিখরচ	১,৭৫,০০০
আর্থশিক উৎপাদিত পণ্য	৫০,০০০	অফিস ও প্রশাসনিক উপরিব্যয়	১,২৫,০০০
তৈরি পণ্য	১,২৫,০০০	বিক্রয় ও বিতরণ উপরিব্যয়	১,৫৫,০০০
সমাপনী মজুদ :		বিক্রয় আয়	১২,৫০,০০০
কাঁচামাল	২০,০০০		
আর্থশিক উৎপাদিত পণ্য	৫৫,০০০		
তৈরি পণ্য	১,০৫,০০০		

- ক. ব্যবহৃত কাঁচামালের ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২
- খ. একটি উৎপাদন ব্যয় বিবরণী প্রস্তুত করে উৎপাদন ব্যয় নির্ণয় করো।
(মুখ্য ব্যয় ৪,৩০,০০০ টাকা ধরে) ৪

গ. একটি বিশদ আয় বিবরণী প্রস্তুত করে পরিচালন মুনাফা নির্ণয় করো।
(উৎপাদন ব্যয় ৬,০০,০০০ টাকা ধরে) ৪

৯.► ১ জানুয়ারি, ২০১৪ তারিখে ইঞ্জিনিয়ার জনাব মরিস বুকাইলির সম্পদ ও দায়ের পরিমাণ নিম্নরূপ: বাড়িঘর ১০,০০,০০০ টাকা; আসবাবপত্র ৯০,০০০ টাকা; বিনিয়োগ ১০,০০০ টাকা; গহনাপত্র ৮০,০০০ টাকা; নগদ তহবিল ৩,০০০ টাকা; ব্যাংক ঋণ ৬,০০০ টাকা। জনাব বুকাইলির ২০১৪ সালের প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নরূপ:

প্রাপ্তিসমূহ	টাকা	প্রদানসমূহ	টাকা
হাতে নগদ (০১.০১.২০১৪)	৩,০০০	খাদ্যসামগ্রী ক্রয়	৬০,০০০
বেতন	৩,৬৩,০০০	দৈনন্দিন বাজার খরচ	১,২০,০০০
বিনিয়োগের সুদ	১,৫০০	টেলিভিশন ক্রয়	২৩,০০০
নক্সা প্রণয়ন হতে আয়	১,২০,০০০	খবরের কাগজ	৩,৫০০
		শিক্ষা খরচ	২৮,০০০
		গ্যাস, পানি ও বিদ্যুৎ খরচ	২১,০০০
		ব্যাংকে স্থায়ী আমানত	২,২৫,০০০
		সমাপনী হাতে নগদ	৯,০০০
	<u>৪,৮৭,৫০০</u>		<u>৪,৮৭,৫০০</u>

অন্যান্য তথ্য : i. গ্যাস, পানি ও বিদ্যুৎ খরচ ১,৫০০ টাকা এখনো বকেয়া রয়েছে। ii. বিনিয়োগের সুদ ১,০০০ টাকা এখনো নগদে পাওয়া যায়নি।

ক. জনাব মরিস বুকাইলির প্রারম্ভিক পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ২০১৪ সালের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. আয় উদ্ধৃত ২,৫১,৫০০ টাকা এবং প্রারম্ভিক পারিবারিক তহবিল ১১,৭৭,০০০ টাকা ধরে নিয়ে ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের আর্থিক অবস্থা বিবরণী প্রস্তুত করো। ৪

১০.▶ জনাব জাসিদ-এর ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের উদ্ধৃতগুলো নিম্নরূপ:

হিসাবের নাম	টাকা	হিসাবের নাম	টাকা
মূলধন	১,৫০,০০০	দালানকোঠা	৪৫,০০০
উত্তোলন	৫০,০০০	দেনাদার	৩০,০০০
প্রাপ্য বিল	৩০,০০০	পাওনাদার	২৫,০০০
প্রদেয় বিল	২৫,০০০	বেতন	৫,০০০
সাধারণ সঞ্চিত	৫,০০০	শিক্ষানবিশ সেলামি (অগ্রিম)	৩,০০০
নগদ তহবিল (১/১/১৪)	৬,০০০	ব্যাংক জমাতিরিক্ত	২,০০০
মজুদ পণ্য (১/১/১৪)	৪০,০০০	নগদ তহবিল (৩১/১২/১৪)	১০,০০০
অনাদায়ী পাওনা	৫,০০০	বিমা	৮,০০০
অনাদায়ী পাওনা সঞ্চিত	৩,০০০	মজুদ পণ্য (৩১/১২/১৪)	৩৫,০০০

- ক. জনাব জাসিদের রেওয়ামিলে যে উদ্ধৃতগুলো অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ কত? ২
- খ. উপর্যুক্ত উদ্ধৃতগুলো দ্বারা জনাব জাসিদ-এর ব্যবসায়ের রেওয়ামিল প্রস্তুত করো। ৪
- গ. জনাব জাসিদ-এর মূলধন জাতীয় ব্যয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

১১.▶ জনাব শহীদ একজন ব্যবসায়ী। সাভারের আশুলিয়ায় তার একটি নার্সারি আছে। সেখানে তিনি নানা ধরনের ফুল, ফল ও ঔষধি গাছের চারা উৎপাদন করেন। ২০১৪ সালের জুলাই মাসে তার ব্যবসায়ে নিম্নোক্ত লেনদেনগুলো সম্পাদিত হয়:

- জুলাই ৫ রহিম-এর নিকট থেকে গাছ ও বীজ ক্রয় ২৫,০০০ টাকা।
- " ১০ রাশেদ এন্ড কোং-এর নিকট নগদে বিক্রয় ৩৭,০০০ টাকা।
- " ১৯ গাছ ফেরত দেয়া হলো ২,৫০০ টাকা।
- " ৩০ কর্মচারীকে বেতন দেয়া হলো ৪,৫০০ টাকা।
- " ৩১ বিজ্ঞাপন ব্যয় ১,৫০০ টাকা।
- ক. জনাব শহীদের ৫ ও ১০ জুলাইয়ের লেনদেনগুলো জাবেদায় লিপিবদ্ধ করো। ২
- খ. ক্রয় হিসাব, নগদান হিসাব, ক্রয় ফেরত হিসাব T হকে খতিয়ানভুক্ত করে জের নির্ণয় করো। ৪
- গ. রহিম হিসাব, বিক্রয় হিসাব, বেতন হিসাব ও বিজ্ঞাপন হিসাব চলমান জের হকে লিপিবদ্ধ করো। ৪

বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান— ৩০

বিষয় কোড:

১	৪	৬
---	---	---

বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে

সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।।

১. পাওনাদার রনিকে ৫,০০০ টাকার ৭% বাটায় পরিশোধ করা হলো। এখানে বাট্টা কত টাকা?

ক) ৩০০ টাকা	খ) ৩৫০ টাকা
গ) ৪০০ টাকা	ঘ) ৪৫০ টাকা
২. যে সকল লেনদেন দ্বারা নগদান হিসাব ও ব্যাংক হিসাব দুটোই একসাথে প্রভাবিত হয় ঐ সকল লেনদেনসমূহকে কী নামে অভিহিত করা হয়?

ক) সমন্বয় দাখিলা	খ) বিপরীত দাখিলা
গ) সমাপনি দাখিলা	ঘ) কোনটিই নয়
৩. আসবাবপত্র ১০,০০০ টাকা, অবচয় ১৫%, আয় বিবরণীতে অবচয় বাবদ কত লিপিবদ্ধ হবে?

ক) ১০,০০০ টাকা	খ) ১,০০০ টাকা
গ) ১,৫০০ টাকা	ঘ) ২,৫০০ টাকা
৪. যখন বিক্রীত পণ্যের ব্যয় ১৬,০০০ টাকা এবং বিক্রয়মূল্যের উপর ২০% মুনাফা করা হলে বিক্রয়ের পরিমাণ হবে—

ক) ২০,১৬০ টাকা	খ) ১৩,৬০০ টাকা
গ) ২১,০০০ টাকা	ঘ) ২০,০০০ টাকা
৫. তোমার পরিবারের আয় ৫০,০০০ টাকা। বাসস্থান খাতে ব্যয় ১৬,৭০০ টাকা। খরচের হার কত?

ক) ২১%	খ) ২০%
গ) ৩৩%	ঘ) ৯%
৬. পারিবারিক তহবিল আর্থিক অবস্থার বিবরণীতে কীভাবে দেখানো হয়?

ক) সম্পদ হিসেবে	খ) প্রারম্ভিক মূলধন হিসেবে
গ) দায় হিসেবে	ঘ) আয় হিসেবে
৭. ২০১৪ সালের ১ এপ্রিল ব্যবসায়ের জন্য ১,০০০ টাকা ঋণ করা হলো সুদের হার ১১%। ২০১৪ সালের সুদ খরচ কত?

ক) ৫৫ টাকা	খ) ৭২.৫০ টাকা
গ) ১১০ টাকা	ঘ) ৮২.৫০ টাকা
৮. যার মূল্য ২,৫০,০০০ টাকা। মজুরি ও গাড়িভাড়া ১২,০০০ টাকা, দোকান ভাড়া ২,০০০ টাকা এবং ১,৫০০ টাকা বিক্রয়কারীকে কমিশন প্রদান করেন।

ক) ২,৫০,০০০ টাকা	খ) ২,৬০,০০০ টাকা
গ) ২,৬২,০০০ টাকা	ঘ) ২,৬৫,০০০ টাকা
৯. ব্যাংক প্রতি মোট ব্যয় কত?

ক) ২৫০ টাকা	খ) ২৬০ টাকা
গ) ২৬২ টাকা	ঘ) ২৬৫ টাকা
১০. প্রতি ব্যাংক সিমেট কত টাকায় বিক্রয় করলে ব্যাংক প্রতি ১০ টাকা মুনাফা হবে?

ক) ২৫৫ টাকা	খ) ২৬৫ টাকা
গ) ২৭৫ টাকা	ঘ) ২৮৫ টাকা
১১. হিসাবজ্ঞানের যাত্রা কখন শুরু হয়?

ক) আধুনিক যুগে	খ) সম্প্রতি সময়ে
গ) প্রাচীন সময়ে	ঘ) মানুষ যখন গৃহায় বাস করে
১২. হিসাববিজ্ঞানের ব্যবহার পরিলক্ষিত হয়—

i. ব্যক্তিজীবনে	ii. মুনাফাভোগী প্রতিষ্ঠানে
iii. অমুনাফাভোগী প্রতিষ্ঠানে	নিচের কোনটি সঠিক?
ক) i ও ii	খ) i ও iii
গ) ii ও iii	ঘ) i, ii ও iii
১৩. 'দুটি পক্ষ ব্যতীত লেনদেন হয় না' লেনদেনের এই বৈশিষ্ট্যকে কী বলে?

ক) দাতা গ্রহীতা	খ) স্বয়ংসম্পূর্ণতা
গ) পরিপূর্ণতা	ঘ) ত্রৈতসত্তা
১৪. 'জনাব শাস্ত ২,০০,০০০ টাকা নিয়ে ব্যবসায় আরম্ভ করলেন।' ঘটনাটি লেনদেন হবার কারণ—

i. আর্থিক অবস্থার পরিবর্তন ঘটেছে	ii. ঘটনাটি অর্থের দ্বারা পরিমাপযোগ্য
iii. এতে দুইটি পক্ষ বিদ্যমান	নিচের কোনটি সঠিক?
ক) i ও ii	খ) i ও iii
গ) ii ও iii	ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৮-১০ নং প্রশ্নের উত্তর দাও।

একজন সিমেট ব্যবসায়ী ১,০০০ ব্যাংক সিমেট ক্রয় করেন

১৫. নিচের কোনটি মালিকানা স্বত্বকে প্রভাবিত করে না?

- ক মালিকের বিনিয়োগ
খ নগদ তহবিল
গ উত্তোলন
ঘ ব্যয় বা খরচ

১৬. নগদে পণ্য ক্রয়, এখানে দু'তরফার প্রভাব হলো—

- ক ব্যয় বৃদ্ধি ও সম্পদ হ্রাস
খ ব্যয় বৃদ্ধি ও দায় হ্রাস
গ আয় বৃদ্ধি ও দায় বৃদ্ধি
ঘ সম্পদ বৃদ্ধি ও আয় বৃদ্ধি

১৭. ৬০,০০০ টাকার মেশিন ক্রয় করে ব্যবহার উপযোগী না হওয়ায় ৭০,০০০ টাকায় বিক্রয় করা হলো এখানে মূলধনজাতীয় আয় কত?

- ক ৬০,০০০ টাকা
খ ১০,০০০ টাকা
গ ৭০,০০০ টাকা
ঘ ১,৪০,০০০ টাকা

১৮. আগুনে বিনষ্ট পণ্য কোন জাতীয় ব্যয়?

- ক মূলধন জাতীয় ব্যয়
খ বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়
গ মুনাফা জাতীয় ব্যয়
ঘ মোট ব্যয়

১৯. মেশিনের কর্ম ক্ষমতা বাড়ানোর জন্য পার্টস ক্রয় ১০,০০০ টাকা এবং মজুরি প্রদান ৬,০০০ টাকা এখানে মজুরি প্রদান কী ধরনের ব্যয়?

- ক মূলধন জাতীয় ব্যয়
খ মুনাফা জাতীয় ব্যয়
গ অব্যবসায়িক ব্যয়
ঘ বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়

২০. মূলধন জাতীয় ব্যয়ের মাধ্যমে—

- i. সম্পত্তি অর্জিত হয়
ii. সম্পত্তির স্থায়ীত্ব নিশ্চিত হয়
iii. সম্পদ সম্প্রসারিত হয়

নিচের কোনটি সঠিক?

- ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

২১. হিসাবের কোন ছক প্রতিনিয়ত জের নির্ণয় করে?

- ক T ছক
খ আধুনিক ছক
গ M ছক
ঘ চলমান জের ছক

২২. বছরের শুরুতে জনাব আমিনের দায় ছিল ১,০০,০০০ টাকা এবং বছর শেষে দেখা গেল দায়ের পরিমাণ ৪০,০০০ টাকা, এর ফলে হিসাব সমীকরণে কীরূপ প্রভাব পড়েছে?

- ক দায় হ্রাস পেয়েছে
খ দায় বৃদ্ধি পেয়েছে

- গ স্বত্বাধিকার বৃদ্ধি পেয়েছে
ঘ ব্যয় হ্রাস পেয়েছে

২৩. জাবেদাকে কিসের সহকারি বই বলা হয়?

- ক ক্রয় জাবেদার
খ বিক্রয় জাবেদার
গ রেওয়ামিলের
ঘ খতিয়ানের

২৪. বিশেষ জাবেদা হলো—

- i. ক্রয় জাবেদা
ii. বিক্রয় জাবেদা
iii. নগদ প্রদান জাবেদা

নিচের কোনটি সঠিক?

- ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

২৫. বিক্রয় ক্ষেত্রে জাবেদার উৎস দলিল কোনটি?

- ক চালান
খ ডেবিট নোট
গ ক্রেডিট নোট
ঘ ভাউচার

২৬. খতিয়ান উদ্ধৃত দ্বারা তৈরি করা হয়—

- ক জাবেদা
খ নগদান বই
গ রেওয়ামিল
ঘ আর্থিক বিবরণী

২৭. ক্রেডিট ব্যালেন্স নির্দেশ করে—

- i. প্রাপ্ত কমিশন
ii. বিনিয়োগের সুদ
iii. বিক্রয় হিসাব

নিচের কোনটি সঠিক?

- ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

২৮. রেওয়ামিলে অবিক্রিত পণ্য লিপিবদ্ধ করা হয়—

- ক ডেবিট কলামে
খ ক্রেডিট কলামে
গ অনিশ্চিত হিসাবে
ঘ কোন কলামেই নয়

২৯. বিক্রীত পণ্যের ব্যয় ২,১৮,০০০ টাকা, সমাপনী মজুদ ২৭,০০০ টাকা এবং প্রারম্ভিক মজুদ ১৫,০০০ টাকা হলে এ বছরে ক্রয়ের পরিমাণ কত?

- ক ২,০৬,০০০ টাকা
খ ২,৩০,০০০ টাকা
গ ২,৩৩,০০০ টাকা
ঘ ২,৬০,০০০ টাকা

৩০. যে সকল ভুল রেওয়ামিলে ধরা পরে না সেগুলোকে প্রধানত কয় ভাগে ভাগ করা যায়?

- ক দুই ভাগে
খ তিন ভাগে
গ চার ভাগে
ঘ পাঁচ ভাগে

১	খ	২	খ	৩	গ	৪	ঘ	৫	গ	৬	গ	৭	ঘ	৮	গ	৯	গ	১০	গ	১১	ঘ	১২	ঘ	১৩	ঘ	১৪	ঘ	১৫	ঘ
১৬	ক	১৭	খ	১৮	গ	১৯	ঘ	২০	ঘ	২১	ঘ	২২	ক	২৩	ঘ	২৪	ঘ	২৫	গ	২৬	গ	২৭	ঘ	২৮	ঘ	২৯	খ	৩০	ক